# শ্রীশ্রীগৌরসুন্দরের আবির্ভাব বাসরে

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-বিরচিত

প্রভুহে,
এমন দুর্ম্মতি সংসার-ভিতরে
পড়িয়া আছিনু আমি।
তব নিজ-জন কোন মহাজনে
পাঠাইয়া দিলে তুমি॥

prabhuhe,
emana durmati saṁsāra-bhitare
paṛiyā āchinu āmi|
tava nija-jana kona mahājane
pāṭhāiyā dile tumi||

দয়া করি মোরে পতিত দেখিয়া
কহিল আমারে গিয়া।
ওহে দীন জন শুন ভাল কথা
উল্লসিত হ'বে হিয়া॥

dayā kari more patita dekhiyā
kahila āmāre giyā|
ohe dīna jana śuna bhāla kathā
ullasita habe hiyā||

তোমারে তারিতে শ্রীকৃষ্ণচৈতন্য
নবদ্বীপে অবতার।
তোমা হেন কত দীন হীন জনে
করিলেন ভব-পার॥

tomāre tārite śrī-kṛṣṇa-caitanya
nabadvīpe avatāra|
tomā hena kata dīna hīna jane
karilena bhava-pāra||

বেদের প্রতিজ্ঞা রাখিবার তরে
রুক্মবর্ণ-বিপ্রসুত।
মহাপ্রভু নামে নদীয়া মাতায়
সঙ্গে ভাই অবধূত॥

vedera pratijñā rākhibāra tare
rukmavarṇa-biprasuta|
mahāprabhu nāme nadīyā mātāya
saṅge bhāi abadhūta||

নন্দসুত যিনি চৈতন্য গোঁসাঞি
নিজ নাম করি'দান।
তারিল জগৎ তুমিও যাইয়া
লহ নিজ পরিত্রাণ॥

nanda-suta jini caitanya gonsāñi

nija nāma kari dāna|
tārila jagat tumi o jāiyā
laha nija paritrāṇa||

সে কথা শুনিয়া আসিয়াছি নাথ
তোমার চরণ-তলে।
ভকতিবিনোদ কাঁদিয়া কাঁদিয়া
আপন কাহিনী বলে॥৩॥

se kathā śuniyā āsiyāchi nātha
tomāra caraṇa-tale|
bhakativinoda kāṅdiyā kāṅdiyā
āpana kāhinī bale||

-------------

শ্রীল বাসুদেব ঘোষ বিরচিত
śrīla vāsudeva ghoṣa viracita

জয় জয় কলরব নদীয়া নগরে।
জনম লভিলা গোরা শচীর উদরে॥

jaya jaya kalaraba nadīya nagare|
janama labhilā gorā śacīra udare||

ফাল্গুন পূর্ণিমা তিথি নক্ষত্র ফাল্গুনী।
শুভক্ষণে জনমিলা গোরা দ্বিজমণি॥

phālguna pūrṇimā tithi nakṣatra phālgunī|
śubhakṣaṇe janamilā gorā dvijamaṇi||

পূর্ণিমার চন্দ্র জিনি কিরণ প্রকাশ।
দূরে গেল অন্ধকার পাইয়া নৈরাশ॥

pūrṇimāra candra jini kiraṇa prakāśa|
dūre gela andhakāra pāiyā nairāśa||

দ্বাপরে নন্দের ঘরে কৃষ্ণ অবতার।
যশোদা উদরে জন্ম বিদিত সংসার॥

dvāpare nandera ghare kṛṣṇa avatāra|
yaśodā udare janma vidita saṁsāra||

শচীর উদরে এবে জন্ম নদীয়াতে।
কলিযুগের জীব সব নিস্তার করিতে॥

śacīra udare eve janma nadīyāte|
kaliyugera jīva saba nistāra karite||

বাসুদেব ঘোষ কহে মনে করি আশা।
গৌর-পদ-দ্বন্দ্ব হৃদে করিয়া ভরসা॥৩॥

vāsudeva ghoṣa kahe mane kari āśā|
gaura-pada-dvandva hṛde kariyā bharasā||

-------------

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-বিরচিত
śrīla bhaktivinoda ṭhākura viracita

শ্রীরাধার ভাবে যিনি সুবর্ণ বরণ ।
সাঙ্গোপাঙ্গে নবদ্বীপে যাঁর সংকীর্ত্তণ॥
śrī-rādhāra bhāve jini suvarṇa varaṇa|
sāṅgopāṅge navadvīpe jāra saṅkīrttaṇa||

কলিতে উপাস্য সেই কৃষ্ণ গৌরহরি।
নবধা ভক্তিতে তাঁর উপাসনা করি॥
kalite upāsya sei kṛṣṇa gaurahari|
navadhā bhaktite tāra upāsanā kari||

--------------

# শ্রীশ্রীগৌরসুন্দরের আবির্ভাব

শ্রীমৎ ভক্তিরক্ষক শ্রীল শ্রীধর দেব গোস্বামী মহারাজ-বিরচিত

অরুণ বসনে সোনার সূরজ
উদিছে কেন রে আজ।
বসন্ত সুষমা উজারি আপনা
ঢালে কেন জগমাঝ॥
aruṇa basane sonāra sūraja
udiche kena re āja|
basanta suṣamā ujāri āpanā
ḍhāle kena jagamājha||

তরু গুল্মলতা অপূর্ব্ব বারতা
বহে কেন ফলে ফুলে।
ভৃঙ্গ ও বিহঙ্গে কেন হেন রঙ্গে
সঙ্গীত তরঙ্গ তুলে॥
taru gulmalatā apūrva bāratā
bahe kena phale phule|
bhṛṅga o bihaṅge kena hena raṅge
saṅgīta taraṅga tule||

পতিত দুর্জ্জন কেন রে গর্জ্জন
উল্লাসে ফাটিয়া পড়ে।
বিদ্যা কুল ধন অভিমানী জন
কেন ম্লান দুঃখ ভরে॥
patita dūrjana kena re garjana
ullāse phāṭiyā paṛe|
vidyā kula dhana abhimānī jana
kena mlāna duḥkha bhare||

আকাশ বাতাস ঘুচাইয়া ত্রাস
আশ্বাসে ভাসায়ে দেয়।
সাধুজন মন সুখ বিতরণ-
আবেশে উন্মাদ হয়॥

ākāśa bātāsa ghucāiyā trāsa
āśvāse bhāsāye deya|
sādhujana mana sukha bitaraṇa-
āveśe unmāda haya||

চৌদিকেতে ধ্বনি কি অপূর্ব্ব শুনি
বহুজন উচ্চরোল।
হরে কৃষ্ণ রাম নাম দিব্যধাম
হরি হরি হরি বোল॥

caudikete dhvani ki apūrva śuni
bahujana uccarola|
hare kṛṣṇa rāma nāma divyadhāma
hari hari hari bola||

ফাল্গুনী পূর্ণিমা হিন্দোল রঙ্গিমা
সুজন-ভজন রাগে।
সংকীর্ত্তন সনে মরম গহনে
না জানি কি ভাব জাগে॥

phālgunī pūrṇimā hindola raṅgimā
sujana-bhajana rāge|
saṅkīrttana sane marama gahane
nā jāni ki bhāva jāge||

সন্ধ্যা সমাগম তপন মগন
কেন হেম ঘন কোলে।
অপরূপ কত পূরব পর্ব্বত
সুবর্ণ চন্দ্রমা ভালে॥

sandhyā samāgama tapana magana
kena hema ghana kole|
aparūpa kata pūrava parvata
suvarṇa candramā bhāle||

সুবর্ণ চন্দ্রমা পশিছে নীলিমা
সে নীল বিলীন হেমে।
ইথে কিবা ভায় সাধুজন গায়
কলঙ্ক না রহে প্রেমে॥

suvarṇa candramā paśiche nīlimā
se nīla vilīna heme|
ithe kibā bhāya sādhujana gāya
kalaṅka nā rahe preme||

মহাজনে বলে গ্রহণের ছলে
সঙ্গে নাম সংকীর্ত্তন।
গৌরচন্দ্রোদয় পাপ রাহু ক্ষয়
চন্দ্রশোভা প্রেম ধন॥

mahājane bale grahaṇera chale
saṅge nāma saṅkīrtana|
gaura-candrodaya pāpa rāhu kṣaya
candraśobhā prema dhama||

মর্ম্মজ্ঞ সকলে কহে কুতূহলে
নীলিমা বিলীন চাঁদে।
ছন্ন অবতার লুকান কাহার
রাধা-রুচি-রূপ-ছাঁদে॥

marmajña sakale kahe kutuhale
nīlimā vilīna cānde|
channa avatāra lukāna kāhāra
rādhā-ruci-rūpa-chānde||

ইথে হেন স্তুতি রাধা ভাব দ্যুতি
সুবলিত শ্যামরাও।
উদিল গৌরাঙ্গ নাম-প্রেম সঙ্গ
জয় জয় গোরা-গাও॥॥

ithe hena stuti rādhā bhāva dyuti
suvalita śyāmarāo|
udila gauraṅga nāma-prema saṅga
jaya jaya gora-gāo||||
-------------------------

## শ্রীচৈতন্য-চরিতামৃত আদিলীলা১৩ অ, ৮৯-১২৪

Ādi 13, Text 89-124

TEXT 89

চৌদ্দ-শত সাত-শকে মাস যে ফাল্গুন।
পৌর্ণমাসীর সন্ধ্যা কালে হৈলে সুভক্ষণ॥৮৯॥

caudda-śata sāta-śake māsa ye phālguna
paurṇamāsīra sandhyā-kāle haile śubha-kṣaṇa

TEXT 90

সিংহ-রাশি, সিংহ-লগ্ন, উচ্চ গ্রহগণ।
ষড়্-বর্গ, অষ্টবর্গ, সর্ব্ব সুলক্ষণ॥৯০॥

siṁha-rāśi, siṁha-lagna, ucca graha-gaṇa
ṣaḍ-varga, aṣṭa-varga, sarva sulakṣaṇa

TEXT 91

অ-কলঙ্ক গৌরচন্দ্র দিলা দরশন।
স-কলঙ্ক চন্দ্রে আর কোন প্রয়োজন॥৯১॥

a-kalaṅka gauracandra dilā daraśana
sa-kalaṅka candre āra kon prayojana

TEXT 92

এত জানি' চন্দ্রে রাহু করিলা গ্রহণ।
'কৃষ্ণ' 'কৃষ্ণ' 'হরি' নামে ভাসে ত্রিভুবন॥ ৯২॥

eta jāni' rāhu kaila candrera grahaṇa
'kṛṣṇa' 'kṛṣṇa' 'hari' nāme bhāse tri-bhuvana

TEXT 93

জয় জয় ধ্বনি হৈল সকল ভুবন।
চমৎকার হৈয়া লোক ভাবে মনে মন॥ ৯৩॥

jaya jaya dhvani haila sakala bhuvana
camatkāra haiyā loka bhāve mane mana

TEXT 94

জগৎ ভরিয়া লোক বলে - 'হরি' 'হরি'।
সেইক্ষণে গৌরকৃষ্ণ ভূমে অবতরি॥ ৯৪॥

jagat bhariyā loka bale -'hari' 'hari'
sei-kṣaṇe gaurakṛṣṇa bhūme avatari

TEXT 95

প্রসন্ন হইল সব জগতের মন।
'হরি' বলি' হিন্দুকে হাস্য করয়ে যবন॥ ৯৫॥

prasanna ha-ila saba jagatera mana
'hari' bali' hinduke hāsya karaye yavana

TEXT 96

'হরি' বলি' নারীগণ দেই হুলাহুলি।
স্বর্গে বাদ্য-নৃত্য করে দেব কুতূহলী॥ ৯৬॥

'hari' bali' nārīgaṇa dei hulāhuli
svarge vādya-nṛtya kare deva kutūhalī

TEXT 97

প্রসন্ন হইল দশ দিক, প্রসন্ন নদীজল।
স্থাবর-জঙ্গম হৈল আনন্দে বিহ্বল॥ ৯৭॥

prasanna haila daśa dik, prasanna nadījala
sthāvara-jaṅgama haila ānande vihvala

TEXT 98

নদীয়া উদয়গিরি, পূর্ণচন্দ্র গৌরহরি,
কৃপা করি' হইল উদয়।
পাপ-তমো হৈল নাশ, ত্রিজগতের উল্লাস,
জগভরি' হরিধ্বনি হয়॥ ৯৮॥

nadīyā-udayagiri, pūrṇacandra gaurahari,
kṛpā kari' ha-ila udaya
pāpa-tamaḥ haila nāśa, tri-jagatera ullāsa,

jagabhari' hari-dhvani haya

TEXT 99

সেইকালে নিজালয়, উঠিয়া অদ্বৈতরায়,
নৃত্য করে আনন্দিত-মনে।
হরিদাসে লৈয়া সঙ্গে, হুঙ্কার-কীর্ত্তন-রঙ্গে,
কেনে নাচে, কেহ নাহি জানে॥৯৯॥

sei-kāle nijālaya, uṭhiyā advaita rāya,
nṛtya kare ānandita-mane
haridāse lañā saṅge, huṅkāra-kīrtana-raṅge
kene nāce, keha nāhi jāne

TEXT 100

দেখি উপরাগ হাসি', শীঘ্র গঙ্গাঘাটে আসি',
আনন্দে করিল গঙ্গাস্নান।
পাঞা উপরাগ ছলে, আপনার মনোবলে,
ব্রাহ্মণেরে দিল নানা দান॥১০০॥

dekhi' uparāga hāsi', śīghra gaṅgā-ghāṭe āsi'
ānande karila gaṅgā-snāna
pāñā uparāga-chale, āpanāra mano-bale,
brāhmaṇere dila nānā dāna

TEXT 101

জগৎ আনন্দময়, দেখি' মনে সবিস্ময়,
ঠারেঠোরে কহে হরিদাস।
তোমার ঐছন রঙ্গ, মোর মন পরসন্ন,
দেখি-কিছু কার্য্যে আছে ভাস॥১০১॥

jagat ānandamaya, dekhi' mane sa-vismaya,
ṭhāreṭhore kahe haridāsa
tomāra aichana raṅga, mora mana parasanna,
dekhi - kichu kārye āche bhāsa

TEXT 102

আচার্য্যরত্ন, শ্রীবাস, হৈল মনে সুখোল্লাস,
যাই' স্নান কৈল গঙ্গা-জলে।
আনন্দে বিহ্বল মন, করে হরি সংকীর্ত্তন,
নানা দান কৈল মনোবলে॥১০২॥

ācāryaratna, śrīvāsa, haila mane sukhollāsa
yāi' snāna kaila gaṅgā-jale
ānande vihvala mana, kare hari-saṅkīrtana
nānā dāna kaila mano-bale

TEXT 103

এইমত ভক্তযতি, যাঁর যেই দেশে স্থিতি,
তাহাঁ তাহাঁ পাঞা মনোবলে।
নাচে, করে সঙ্কীর্ত্তন, আনন্দে বিহ্বল মন,

দান করে গ্রহণের ছলে॥ ১০৩॥

ei mata bhakta-yati, yāṅra yei deśe sthiti,
tāhāṅ tāhāṅ pāñā mano-bale
nāce, kare saṅkīrtana, ānande vihvala mana,
dāna kare grahaṇera chale

TEXT 104

ব্রাহ্মণ, সজ্জন-নারী, নানা-দ্রব্যে পাত্র ভরি,
আইলা সবে যৌতুক লইয়া।
যেন কাঁচা-সোণা-দ্যুতি, দেখি' বালকের মূর্ত্তি,
আশীর্ব্বাদ করে সুখ পাঞা॥ ১০৪॥

brāhmaṇa-sajjana-nārī, nānā-dravye pātra bhari'
āilā sabe yautuka la-iyā
yena kāṅcā-soṇā-dyuti, dekhi' bālakera mūrti,
āśīrvāda kare sukha pāñā

TEXT 105

সাবিত্রী, গৌরী, সরস্বতী, শচী, রম্ভা, অরুন্ধতী,
আর যত দেব-নারীগণ।
নানা-দ্রব্য পাত্র ভরি', ব্রাহ্মণীর বেশ ধরি,
আসি' সবে করেন দরশন॥ ১০৫॥

sāvitrī, gaurī, sarasvatī, śacī, rambhā, arundhatī
āra yata deva-nārīgaṇa
nānā-dravye pātra bhari', brāhmaṇīra veśa dhari',
āsi' sabe karena daraśana

TEXT 106

অন্তরীক্ষে দেবগণ, সিদ্ধ, গন্ধর্ব্ব, চারণ,
স্তুতি-নৃত্য করে বাদ্য-গীত।
নর্ত্তক, বাদক, ভাট, নবদ্বীপে যার নাট,
সবে আসি' নাচে পাঞা প্রীত॥ ১০৬॥

antarīkṣe deva-gaṇa, gandharva, siddha, cāraṇa,
stuti-nṛtya kare vādya-gīta
nartaka, vādaka, bhāṭa, navadvīpe yāra nāṭa,
sabe āsi' nāce pāñā prīta

TEXT 107

কেবা আসে কেবা যায়, কেবা নাচে কেবা গায়,
সম্ভালিতে নারে কার বোল।
খণ্ডিলেক দুঃখ-শোক, প্রমোদপূরিত লোক,
মিশ্র হৈলা আনন্দে বিহ্বল॥ ১০৭॥

kebā āse kebā yāya, kebā nāce kebā gāya,
sambhālite nāre kāra bola
khaṇḍileka duḥkha-śoka, pramoda-pūrita loka,
miśra hailā ānande vihvala

TEXT 108

আচার্য্যরত্ন, শ্রীনিবাস, জগন্নাথমিশ্র-পাশ,
আসি' তাঁরে করে সাবধান।
করাইল জাতকর্ম্ম, যে আছিল বিধি-ধর্ম্ম,
তবে মিশ্র করে নানা দান॥ ১০৮॥

ācāryaratna, śrīnivāsa, jagannātha-miśra-pāśa,
āsi' tāṅre kare sāvadhāna
karāila jātakarma, ye āchila vidhi-dharma,
tabe miśra kare nānā dāna

TEXT 109

যৌতুক পাইল যত, ঘরে বা আছিল কত,
সব ধন বিপ্রে দিল দান।
যত নর্ত্তক, গায়ন, ভাট, অকিঞ্চন জন,
ধন দিয়া কৈল সবার মান॥ ১০৯॥

yautuka pāila yata, ghare vā āchila kata,
saba dhana vipre dila dāna
yata nartaka, gāyana, bhāṭa, akiñcana jana,
dhana diyā kaila sabāra māna

TEXT 110

শ্রীবাসের ব্রাহ্মণী, নাম তাঁর 'মালিনী',
আচার্য্যরত্নের পত্নী-সঙ্গে।
সিন্দূর, হরিদ্রা, তৈল, খই, কলা, নানা ফল,
দিয়া পূজে নারীগণ রঙ্গে॥ ১১০॥

śrīvāsera brāhmaṇī, nāma tāṅra 'mālinī',
ācāryaratnera patnī-saṅge
sindūra, haridrā, taila, kha-i, kalā, nana phala,
diyā pūje nārīgaṇa raṅge

TEXT 111

অদ্বৈত-আচার্য্য-ভার্য্যা, জগৎপূজিতা আর্য্যা,
নাম তাঁর 'সীতা ঠাকুরাণী'।
আচার্য্যের আজ্ঞা পাঞা, গেলা উপহার লঞা,
দেখিতে বালক-শিরোমণি॥ ১১১॥

advaita-ācārya-bhāryā, jagat-pūjitā āryā,
nāma tāṅra 'sītā ṭhākurāṇī'
ācāryera ājñā pāñā, gela upahāra lañā,
dekhite bālaka-śiromaṇi

TEXT 112

সুবর্ণের কড়ি-বউলি, রজতমুদ্রা-পাশুলি,
সুবর্ণের অঙ্গদ, কঙ্কণ।
দু-বাহুতে দিব্য শঙ্খ, রজতের মলবঙ্ক,
স্বর্ণমুদ্রার নানা হারগণ॥ ১১২॥

suvarṇera kaḍi-ba-uli, rajatamudrā-pāśuli,
suvarṇera aṅgada, kaṅkaṇa

du-bāhute divya śaṅkha, rajatera malabaṅka,
svarṇa-mudrāra nānā hāragaṇa

TEXT 113

ব্যাঘ্রনখ হেমজড়ি, কটি-পট্টসূত্র-ডোরী,
হস্ত-পদের যত আভরণ।
চিত্রবর্ণ পট্টসাড়ী, বুনি ফোতো পট্টপাড়ী,
স্বর্ণ-রৌপ্য-মুদ্রা বহুধন॥ ১১৩॥

vyāghra-nakha hema-jaḍi, kaṭi-paṭṭasūtra-ḍorī
hasta-padera yata ābharaṇa
citra-varṇa paṭṭa-sāḍī, buni photo paṭṭapāḍī,
svarṇa-raupya-mudrā bahu-dhana

TEXT 114

দূর্ব্বা, ধান্য, গোরোচন, হরিদ্রা, কুঙ্কুম, চন্দন,
মঙ্গল-দ্রব্য পাত্র ভরিয়া।
বস্ত্র-গুপ্ত দোলা চড়ি', সঙ্গে লঞা দাসী-চেড়ী,
বস্ত্রালঙ্কার পেটালি ভরিয়া॥ ১১৪॥

durvā, dhānya, gorocana, haridrā, kuṅkuma, candana,
maṅgala-dravya pātra bhariyā
vastra-gupta dolā caḍi' saṅge lañā dāsī ceḍī,
vastrālaṅkāra peṭāri bhariyā

TEXT 115

ভক্ষ্য, ভোজ্য উপহার, সঙ্গে লইল বহু ভার,
শচীগৃহে হৈল উপনীত।
দেখিয়া বালক-ঠাম, সাক্ষাৎ গোকুল-কান,
বর্ণ-মাত্র দেখি বিপরীত॥ ১১৫॥

bhakṣya, bhojya, upahāra, saṅge la-ila bahu bhāra,
śacī-gṛhe haila upanīta
dekhiyā bālaka-ṭhāma, sākṣāt gokula-kāna,
varṇa-mātra dekhi viparīta

TEXT 116

সর্ব্ব অঙ্গ-সুনির্ম্মাণ, সুবর্ণ-প্রতিমা-ভান,
সর্ব্ব অঙ্গ-সুলক্ষণময়।
বালকের দিব্য জ্যোতি, দেখি' পাইল বহু প্রীতি,
বাৎসল্যেতে দ্রবিল হৃদয়॥ ১১৬॥

sarva aṅga-sunirmāṇa, suvarṇa-pratimā-bhāna,
sarva aṅga-sulakṣaṇamaya
bālakera divya jyoti, dekhi' pāila bahu prīti,
vātsalyete dravila hṛdaya

TEXT 117

দূর্ব্বা, ধান্য দিল শীর্ষে কৈল বহু আশীষে,
চিরজীবী হও দুই ভাই।
ডাকিনী-শাঁখিনী হৈতে, শঙ্কা উপজিল চিতে,
ডরে নাম থুইল 'নিমাই' ॥ ১১৭ ॥

durvā, dhānya, dila śīrṣe, kaila bahu āśīṣe,
cirajīvī hao dui bhāi
ḍākinī-śāṅkhinī haite, śaṅkā upajila cite,
ḍare nāma thuila 'nimāi'

TEXT 118

পুত্রমাতা-স্নানদিনে, দিল বস্ত্র বিভূষণে,
পুত্র-সহ মিশ্রেরে সন্মানি'।
শচী-মিশ্রের পূজা লঞা, মনেতে হরিষ হঞা,
ঘরে আইলা সীতা-ঠাকুরাণী ॥ ১১৮ ॥

putramātā-snānadine, dila vastra vibhūṣaṇe,
putra-saha miśrere sanmāni'
śacī-miśrera pūjā lañā, manete hariṣa hañā,
ghare āilā sītā ṭhākurāṇī

TEXT 119

ঐছে শচী-জগন্নাথ, পুত্র পাঞা লক্ষ্মীনাথ,
পূর্ণ হইল সকল বাঞ্ছিত।
ধন-ধান্য ভরে ঘর, লোকমান্য-কলেবর,
দিনে দিনে হয় আনন্দিত ॥ ১১৯ ॥

aiche śacī-jagannātha, putra pāñā lakṣmīnātha,
pūrṇa ha-ila sakala vāñchita
dhana-dhānye bhare ghara, lokamānya kalevara,
dine dine haya ānandita

TEXT 120

মিশ্র-বৈষ্ণব, শান্ত, অলম্পট, শুদ্ধ, দান্ত,
ধনভোগে নাহি অভিমান।
পুত্রের প্রভাবে যত, ধন আসি' মিলে তত,
বিষ্ণু প্রীতে দ্বিজে দেন দান ॥ ১২০ ॥

miśra-vaiṣṇava, śānta, alampaṭa, śuddha, dānta,
dhana-bhoge nāhi abhimāna
putrera prabhāve yata, dhana āsi' mile, tata,
viṣṇu-prīte dvije dena dāna

TEXT 121

লগ্ন গণি' হর্ষমতি, নীলাম্বর চক্রবর্ত্তী,
গুপ্তে কিছু কহিল মিশ্রেরে।
মহাপুরুষের চিহ্ন, লগ্নে অঙ্গে ভিন্ন ভিন্ন,
দেখি,-এই তারিবে সংসারে ॥ ১২১ ॥

lagna gaṇi' harṣamati, nīlāmbara cakravartī,
gupte kichu kahila miśrere
mahāpuruṣera cihna, lagne aṅge bhinna bhinna,

dekhi,-ei tāribe saṁsāre

TEXT 122

ঐছে প্রভু শচী-ঘরে, কৃপায় কৈল অবতারে,
যেই ইহা করয়ে শ্রবণ।
গৌরপ্রভু দয়াময়, তাঁরে হয়েন সদয়,
সেই পায় তাঁহার চরণ॥ ১২২॥

aiche prabhu śacī-ghare, kṛpāya kaila avatāre,
yei ihā karaye śravaṇa
gaura-prabhu dayāmaya, tāṅre hayena sadaya,
sei pāya tāṅhāra caraṇa

TEXT 123

পাইয়া মানুষ-জন্ম, যে না শুনে গৌরগুণ,
হেন জন্ম তার ব্যর্থ হৈল।
পাইয়া অমৃতধুনী, পিয়ে বিষগর্ত্ত-পানি,
জন্মিয়া সে কেনে নাহি মৈল॥ ১২৩॥

pāiyā mānuṣa janma, ye nā śune gaura-guṇa,
hena janma tāra vyartha haila
pāiyā amṛtadhunī, piye viṣa-garta-pāni,
janmiyā se kene nāhi maila

TEXT 124

শ্রীচৈতন্য-নিত্যানন্দ, আচার্য্য অদ্বৈতচন্দ্র,
স্বরূপ-রূপ-রঘুনাথদাস।
ইঁহা-সবার শ্রীচরণ, শিরে বন্দি নিজধন,
জন্মলীলা গাইল কৃষ্ণদাস॥ ১২৪॥

śrī-caitanya-nityānanda, ācārya advaitacandra,
svarūpa-rūpa-raghunāthadāsa
iṅhā-sabāra śrī-caraṇa, śire vandi nija-dhana,
janma-līlā gāila kṛṣṇadāsa

ইতি শ্রীচৈতন্য-চরিতামৃতে আদিখণ্ডে জন্ম-মহোৎসব-বর্ণনং নাম ত্রয়োদশঃ পরিচ্ছেদ॥ ॥
iti śrīcaitanya-caritāmṛte ādikhaṇḍe janma-mahotsava-varṇanaṁ nāma trayodaśaḥ pariccheda||||